গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সমন্বয় ও প্রশিক্ষণ অধিশাখা

# অক্টোবর ২০২৪ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ এহছানুল হক
সিনিয়র সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তারিখ : ২৪ নভেম্বর ২০২৪
সময় : সকাল: ১০.০০ ঘটিকা
স্থান : সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মেলন কক্ষ (কক্ষ নম্বর-৮২১)
উপস্থিত : পরিশিষ্ট - ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ পর্যায়ক্রমে উপস্থাপন করা হয়।

২। বিস্তারিত আলোচনা ও পর্যালোচনার পর নিম্নের বিবরণ অনুযায়ী সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | **বিগত সভার কার্যবিবরণী নিশ্চিত করা**<br>২৯ অক্টোবর ২০২৪ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয়। কার্যবিবরণীতে কোনো সংযোজন, বিয়োজন বা সংশোধন প্রস্তাব পাওয়া যায়নি। | বিগত সমন্বয় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ় করা হলো। | উপসচিব (সমন্বয় ও প্রশিক্ষণ) ও সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |
| ২. | **শূন্যপদ পূরণ:**<br>**(ক) সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ:**<br>অতিরিক্ত সচিব (প্রশাসন) জানান যে, ১৩-২০তম গ্রেডের ৩৫টি শূন্য পদ পূরণের নিমিত্ত চূড়ান্তভাবে সুপারিশপ্রাপ্ত প্রার্থীগণের অনুকূলে নিয়োগপত্র ইস্যুর লক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের মতামত পাওয়া গিয়েছে এবং এ বিষয়ে পরবর্তী কার্যক্রম চলমান রয়েছে। মতামতের আলোকে নিয়োগপত্র ইস্যু এবং চূড়ান্ত নিয়োগের বিষয়টি উপদেষ্টা মহোদয়কে অবহিত করার জন্য সভায় পরামর্শ প্রদান করা হয়। | জনপ্রশাসন মন্ত্রণালয়ের মতামতের আলোকে নিয়োগপত্র ইস্যু এবং চূড়ান্ত নিয়োগের বিষয়টি উপদেষ্টা মহোদয়কে অবহিত করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন) |
| | **(খ) সওজ অধিদপ্তর:**<br>(১) প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর সভাকে অবহিত করেন যে, সওজ অধিদপ্তরের সকল গ্রেডের পদসমূহে স্বাভাবিক প্রক্রিয়ায় নিয়োগ পদোন্নতি চলমান আছে। তবে আদালতে রীট মামলা চলমান থাকায় ১৬-২০ তম গ্রেডের শূন্য পদে নিয়োগ বন্ধ আছে। চাকরি সংক্রান্ত মামলা নিষ্পত্তির লক্ষ্যে প্রচেষ্টা অব্যাহত রয়েছে।<br>(২) উপসচিব (গেজেটেড সংস্থাপন-১) জানান যে, ৩ জন কর্মকর্তার গ্রেড-২ উন্নীত করার বিষয়ে দুর্নীতি দমন কমিশনের প্রতিবেদনের জন্য মন্ত্রিপরিষদ বিভাগের গত ২৭.১০.২০২৪ তারিখে পত্র প্রেরণ করা হয়। প্রতিবেদন পাওয়ার পর জনপ্রশাসন মন্ত্রণালয়ে এ বিষয়ে প্রস্তাব প্রেরণ করা হবে।<br>(৩) ওয়ার্কচার্জড কর্মচারিদের পেনশন ও অন্যান্য সুযোগ সুবিধাদি প্রদান সংক্রান্ত খসড়া নীতিমালা চূড়ান্ত করার লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী ইতোমধ্যে কমিটি গঠন করা হয়েছে। খসড়া নীতিমালা চূড়ান্তকরণের কার্যক্রম চলমান রয়েছে। | (১)(ক) সকল গ্রেডের পদসমূহে নিয়োগ ও পদোন্নতি প্রক্রিয়া চলমান রাখতে হবে; এবং<br>(খ) কর্মচারিদের চাকরি সংক্রান্ত মামলা নিষ্পত্তির লক্ষ্যে প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।<br>(২) দুর্নীতি দমন কমিশনের প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে সওজ অধিদপ্তরের ৩ জন কর্মকর্তার গ্রেড-২এ উন্নীতকরণের প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>(৩) ওয়ার্কচার্জড কর্মচারিদের পেনশন ও অন্যান্য সুযোগ সুবিধাদি প্রদান সংক্রান্ত খসড়া নীতিমালা চূড়ান্ত করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর/ উপসচিব (সওজ সংস্থাপন-১) |
| | **(গ) বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)**<br>(১) চেয়ারম্যান, বিআরটিএ জানান, ৯ম তদুর্ধ্ব গ্রেডের ২০টি পদ ও ১০ম গ্রেডের ৩০টি পদে জনবল নিয়োগের লক্ষ্যে বিপিএসসিতে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। নিয়োগের সুপারিশ পাওয়া যায়নি। পরিচালক এর ০২টি শূন্য পদে প্রেষণে কর্মকর্তা পদায়নের জন্য প্রস্তাব প্রেরণ করা হবে। | (১)(ক) ৯ম তদুর্ধ্ব গ্রেডের ২০ টি পদ ও ১০ম গ্রেডে ৩০টি পদে জনবল নিয়োগের লক্ষ্যে বিপিএসসির সাথে যোগাযোগ রাখতে হবে।<br>(১) (খ) পরিচালক এর ০২টি শূন্য পদে প্রেষণে কর্মকর্তা পদায়নের জন্য প্রস্তাব এ | চেয়ারম্যান, বিআরটিএ/ যুগ্মসচিব (বিআরটিএ) |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | (২) সভায় উল্লেখ করা হয় যে, বিআরটিএতে মোট ১৯ জন নির্বাহী ম্যাজিস্ট্রেটের পদ রয়েছে। তন্মধ্যে ১৬ জন নির্বাহী ম্যাজিস্ট্রেট কর্মরত আছে। শূন্য ৩টি পদে নির্বাহী ম্যাজিস্ট্রেট পদায়নের লক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করার জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। | বিভাগে প্রেরণ করতে হবে।<br>(২) নির্বাহী ম্যাজিস্ট্রেট পদায়নের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করতে হবে। | |
| | **(ঘ) বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি)**<br>চেয়ারম্যান, বিআরটিসি অবহিত করেন যে, ১১ থেকে ২০তম গ্রেডের ২৩০টি শূন্য পদের প্রাপ্ত ছাড়পত্রের মেয়াদ উত্তীর্ণ হওয়ায় মেয়াদ বৃদ্ধির লক্ষ্যে কার্যক্রম চলমান রয়েছে। | ছাড়পত্র গ্রহণপূর্বক শূন্য পদসমূহে নিয়োগ প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান, বিআরটিসি |
| | **(ঙ) ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ)**<br>নির্বাহী পরিচালক ডিটিসিএ জানান যে, ডিটিসিএতে শূন্য পদের সংখ্যা ৯৪টি। ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষের সাংগঠনিক কাঠামোতে প্রেষণযোগ্য শূন্যপদে ৪র্থ গ্রেডভুক্ত ০৬ জন, ৫ম গ্রেডভুক্ত ০৮ জন এবং ৭ম গ্রেডভুক্ত ০৩ জন মোট ১৭ (সতেরো) জন কর্মকর্তা প্রেষণে পদায়ন করার জন্য এ বিভাগ হতে গত ০৮.০৭.২০২৪ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে।<br>ডিটিসিএ'র রাজস্বখাতে স্থায়ী/অস্থায়ীভাবে সৃজিত ৫ম হতে ১০ম গ্রেডভুক্ত ২২টি শূন্যপদে এবং ১৩তম হতে ২০তম গ্রেডভুক্ত মোট ৩৩টি শূন্যপদের (সর্বমোট ৫৫টি পদের) অনুকূলে ছাড়পত্র প্রদানের জন্য গত ৬.১০.২০২৪ তারিখে এ বিভাগে পৃথক ২টি পত্র প্রেরণ করা হয়েছে। | ১. প্রেষণযোগ্য পদে কর্মকর্তা পদায়নের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করতে হবে।<br>২. ৩৩ (তেত্রিশ)টি শূন্যপদে ছাড়পত্র প্রদানের কার্যক্রম গ্রহণ করতে হবে। | নির্বাহী পরিচালক, ডিটিসিএ/ উপসচিব (ডিটিসিএ) |
| | **(চ) ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)**<br>ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল অবহিত করেন যে, ডিএমটিসিএল এর আওতায় বাস্তবায়নাধীন এবং পরিচালনাধীন এমআরটি লাইন-৬ এর টিকেট মেশিন অপারেটর এবং কাস্টমার রিলেশন এ্যাসিস্টেন্ট এর ২০২টি পদের লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। শীঘ্রই ফলাফল প্রকাশ করা হবে। এছাড়া, প্রেষণযোগ্য পদে কর্মকর্তা পদায়নের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত আছে। | স্বচ্ছতার সাথে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। প্রেষণযোগ্য পদে কর্মকর্তা পদায়নের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ রাখতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল |
| | **(ছ) ঢাকা বিআরটি**<br>(১) ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বিআরটি সভাকে অবহিত করেন যে, ঢাকা বিআরটি কোম্পানী লিমিটেড এর অনুমোদিত জনবল কাঠামো অনুযায়ী কেবল ১৩ জন কর্মকর্তা ও ১১ জন কর্মচারির পদ অনুমোদিত হয়। অনুমোদিত পদ অনুযায়ী বর্তমানে ৮ জন কর্মকর্তা ও ৮ জন কর্মচারি কর্মরত আছে। ব্যবস্থাপক (আইটি) পদে লিখিত ও মৌখিক পরীক্ষা শেষে নিয়োগপত্র ইস্যু করা হয়েছে। ডিসেম্বর ২০২৪ মাসের মধ্যে ০৩ জন কর্মচারি নিয়োগের লক্ষ্যে লিখিত পরীক্ষা গ্রহণের পরিকল্পনা রয়েছে। এছাড়া ৪ টি পদে কর্মকর্তা নিয়োগের নিমিত্ত ১৪ অক্টোবর ২০২৪ তারিখ পর্যন্ত আবেদনপত্র গ্রহণ করা হয়েছে। এছাড়াও বিআরটি অপারেশনের কাজ দ্রুততার সাথে চালু করার লক্ষ্যে ৩ জন কর্মকর্তার শূন্য পদে প্রেষণে নিয়োগের নিমিত্ত গত ২১.১০.২০২৪ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।<br>(২) আরো উল্লেখ করা হয় যে, বিআরটি বাস ডিপোতে আউটসোর্সিং পদ্ধতিতে জনবল নিয়োগের জন্য পিপিআর-২০০৮ অনুসরণ করে ৩০.০৯.২০২৪ তারিখে দরপত্র আহবান ও মূল্যায়ন কার্যক্রম শেষ হয়েছে। | (১) শূন্যপদে জনবল নিয়োগ প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে এবং প্রেষণে কর্মকর্তা পদায়নের নিমিত্ত জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করতে হবে।<br>(২) যথাযথ নিয়ম অনুসরণ করে নির্বাচিত কোম্পানি/ফার্ম এর মধ্যেমে আউটসোর্সিং পদ্ধতিতে জনবল নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বিআরটি |
| ৩. | **অডিট আপত্তির বিবরণী:** | | |

| বিভাগ/দপ্তর/সংস্থা | প্রারম্ভিক জের | অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা | | | | মোট | বর্তমান মাসে নিষ্পত্তি | মোট অনিষ্পন্ন |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | সাধারণ | অগ্রিম | খসড়া | এ মাসে প্রাপ্ত | | | |
| সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ | ০৫ | ০৩ | ০২ | - | - | ০৫ | - | ০৫ |
| সওজ অধিদপ্তর | ৭৯৭৩ | ১৩৩৯ | ৬০৩৬ | ৫৯৮ | - | ৭৯৮৩ | ৯ | ৭৯৬৪ |
| বিআরটিসি | ১১৯৩ | ১৯৭ | ৯০৫ | ৯১ | - | ১১৯৩ | ০ | ১১৯৩ |
| বিআরটিএ | ৩৯৪ | ১৫৩ | ২৪১ | - | - | ৩৯৪ | ০ | ৩৯৪ |
| ডিটিসিএ | ১৭ | ৫ | ১২ | - | - | ১৭ | ০ | ১৭ |
| ডিএমটিসিএল | ৩২ | ৮ | ২৪ | - | - | ৩২ | ০ | ৩২ |
| ঢাকা বিআরটি | ০৫ | ০৫ | - | | | ০৫ | ০ | ০৫ |
| মোট | ৯৬১৯ | ১৭১০ | ৭২২০ | ৬৮৯ | ০ | ৯৬১৯ | ০৯ | ৯৬১০ |

সেপ্টেম্বর'২৪ মাসে অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা ছিল ৯৬১৯টি। অক্টোবর'২৪ মাসে ৯টি অডিট আপত্তি নিষ্পত্তি এবং কোনো অডিট আপত্তি অন্তর্ভুক্ত না হওয়ায় এবং বর্তমানে অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা ৯৬১০টি।

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | (১) যুগ্মসচিব (বাজেট) জানান যে, ত্রি-পক্ষীয় সভা আয়োজনের জন্য অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগ অব্যাহত আছে। অক্টোবর ২০২৪ মাসে ৩টি সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় ১৯টি আপত্তি নিষ্পত্তির সুপারিশ করা হয়েছে। ডিটিসিএ'র DUTP প্রকল্পের ৮টি অগ্রীম অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ব্রডশীট জবাব ডিটিসিএ হতে পাওয়া গিয়েছে। শীঘ্রই অডিট অধিদপ্তরে প্রেরণ করা হবে। বিআরটিসির অডিট আপত্তির বিষয়ে সভাপতি অবহিত করেন যে, বিআরটিসি'র গাড়ীর বিপরীতে বেশ কিছু গুরুতর অডিট আপত্তি রয়েছে। যেগুলো সিএজি রিপোর্টভুক্ত হয়েছে। উক্ত আপত্তিগুলো নিষ্পত্তির লক্ষ্যে অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগ এবং ব্রডশীট জবাবসহ প্রয়োজনীয় তথ্যাদি সরবরাহের জন্য তিনি পরামর্শ প্রদান করেন। এছাড়া, reconciliation এর মাধ্যমে দপ্তর/সংস্থার অডিট আপত্তির সঠিক সংখ্যা নির্ধারণ করার জন্য সংস্থা প্রধানদের সভায় পরামর্শ প্রদান করা হয়। | (১) (ক) ত্রি-পক্ষীয় সভা আয়োজনের জন্য অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগ করতে হবে এবং দপ্তর/সংস্থা হতে কার্যপত্র প্রেরণ করতে হবে।<br>(১) (খ) ডিটিসিএ'র DUTP প্রকল্পের ৮টি অগ্রীম অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ব্রডশীট জবাব অডিট অধিদপ্তরের প্রেরণ করতে হবে।<br>(১) (গ) বিআরটিসি'র গাড়ীর বিপরীতে সিএজি রিপোর্টভুক্ত অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ব্রডশীট জবাবসহ প্রয়োজনীয় তথ্যাদি প্রেরণপূর্বক অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগ করতে হবে।<br>(১) (ঘ) reconciliation এর মাধ্যমে দপ্তর/সংস্থার অডিট আপত্তির সঠিক সংখ্যা নির্ধারণের উদ্যোগ নিতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ/অতিরিক্ত সচিব (বাজেট)/ পরিচালক (হিসাব ও নিরীক্ষা)/ উপসচিব (অডিট)<br>নির্বাহী পরিচালক (ডিটিসিএ)/ অতিরিক্ত সচিব (বাজেট)<br>চেয়ারম্যান, বিআরটিসি<br>দপ্তর/সংস্থা প্রধান (সকল) |
| | (২) ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল সভাকে অবহিত করেন যে, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এবং এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের অনিষ্পন্ন ৩২টি অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে।<br>(৩) ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বিআরটি জানান যে, ২০২২-২৩ অর্থবছরের ৫টি Non SFI আপত্তির জবাব ইতোমধ্যে গত ০৪.১১.২০২৪ তারিখে FAPAD অফিসে পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হয়েছে। | (২) ডিএমটিসিএল এর অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে পূর্ত অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগ রাখতে হবে।<br>(৩) ৫টি Non SFI আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে FAPAD এর সাথে যোগাযোগ করতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক, (ডিএমটিসিএল/ ঢাকা বিআরটি) অতিরিক্ত সচিব (বাজেট)/উপসচিব (অডিট) |
| ৪. | **সওজ অধিদপ্তর**<br>**ক. পেন্ডিং ডিপিপি:**<br>প্রধান প্রকৌশলী সভাকে অবহিত করেন যে, অগ্রাধিকার ডিপিপি বাছাই করে অনুমোদনের কার্যক্রম অব্যাহত আছে। এছাড়া, জিওবি অর্থায়নে গৃহীতব্য প্রকল্পে Environment Impact Assessment এবং Environment Clearance Certificate গ্রহণের বিষয়টি প্রকল্পে অন্তর্ভুক্ত করা হচ্ছে। বিষয়টি চলমান প্রক্রিয়া হওয়ায় এজেন্ডাটি আগামী সমন্বয় সভার কার্যপত্র হতে বাদ দেওয়ার জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। | এজেন্ডাটি আগামী সমন্বয় সভার কার্যপত্র হতে বাদ দিতে হবে। | উপসচিব (সমন্বয় ও প্রশিক্ষণ) |
| | **খ. প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নে উপদেষ্টা মহোদয়ের নির্দেশনা অনুসরণ:**<br>সভাকে অবহিত করা হয় যে, পরিকল্পনা কমিশনে অনুমোদনের জন্য প্রেরিত/অনুমোদন প্রক্রিয়াধীন এবং ভবিষ্যতে প্রকল্প গ্রহণের ক্ষেত্রে মাননীয় উপদেষ্টা মহোদয়ের বেশকিছু নির্দেশনা রয়েছে। প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নে নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ এবং সে অনুযায়ী কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি পুনরায় সকল দপ্তর/সংস্থা প্রধান এবং মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশনা প্রদান করেন। উল্লেখযোগ্য নির্দেশনাসমূহ হলো:<br>১. চলমান প্রকল্পের মেয়াদ বৃদ্ধি করা যাবে না তবে Force majeure বা একান্ত প্রয়োজনে বাস্তবতার নিরীখে মেয়াদ বৃদ্ধি বিবেচনা করা যেতে পারে;<br>২. প্রকল্প গ্রহণে সাধারণ মানুষের উপকারিতা এবং সার্বিক ব্যয় হ্রাস সর্বাধিক বিবেচনায় নিতে হবে;<br>৩. প্রকল্পের ভূমি অধিগ্রহণের বিষয়টি কমাতে হবে;<br>৪. অনুমোদিত প্রকেল্পের ব্যয় বৃদ্ধি ও প্যাকেজ ভেরিয়েশনের বিষয়টি বিশেষ ক্ষেত্র ব্যতীত বিবেচনা করা যাবে না;<br>৫. প্রকল্প বাস্তবায়নে স্বচ্ছতা, জবাবদিহিতা ও সরকারের ব্যয় সাশ্রয় নীতির প্রতিফলন নিশ্চিত করতে হবে। সড়ক অবকাঠামো নির্মাণে অযৌক্তিক/বাড়তি ব্যয় পরিহার করে যুক্তিযুক্ত ব্যয় প্রাক্কলণ করতে হবে;<br>৬. উপকারভোগী যথাসময়ে প্রকল্পের সুফল ভোগ করবেন। যানজট ও ভ্রমণ সময় হ্রাস করতে হবে; উন্নয়নের ক্ষেত্রে আঞ্চলিক সমতার বিষয়টি বিবেচনা করতে হবে;<br>৭. সড়ক মাস্টারপ্ল্যান প্রণয়নপূর্বক দেশে পরিকল্পিত মহাসড়ক উন্নয়ন কার্যক্রম গ্রহণ করতে হবে;<br>৮. বৈদেশিক ঋণে প্রকল্প গ্রহণের ক্ষেত্রেও যথাযথভাবে যাচাই বাছাই করতে হবে; | প্রকল্প গ্রহণ, অনুমোদন ও চলমান প্রকল্প বাস্তবায়নে উপদেষ্টা মহোদয়ের নির্দেশনা যথাযথভাবে অনুসরণ এবং কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সকল দপ্তর/সংস্থা প্রধান/অতিরিক্ত সচিব (পরিকল্পনা/উন্নয়ন) |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | ৯. চলমান প্রকল্প, প্রক্রিয়াধীন প্রকল্পের কার্যক্রম পর্যালোচনাপূর্বক কম গুরুত্বপূর্ণ কার্যক্রম বাদ দেওয়ার বিষয়টি পরীক্ষা করে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | | |
| | **গ.এডিপি'র প্যাকেজভিত্তিক বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন:**<br>প্রধান প্রকৌশলী সওজ অধিদপ্তর জানান যে, এডিপি সকল কাজের প্যাকেজভিত্তিক বাস্তবায়ন পরিকল্পনা ও পিএমপি কাজের বাস্তবায়ন পরিকল্পনা সফটওয়্যারের মাধ্যমে web-based করে পাইলটিং করা হচ্ছে। পাইলটিং কার্যক্রম ফলপ্রসূ হলে নিয়মিতভাবে এটি চালু করা হবে। | এডিপি সকল কাজের প্যাকেজভিত্তিক বাস্তবায়ন পরিকল্পনা ও পিএমপি কাজের বাস্তবায়ন পরিকল্পনা সফটওয়্যারের পাইলটিং শেষ করে নিয়মিতভাবে চালুর উদ্যোগ নিতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর |
| | **ঘ. বদলী নীতিমালা প্রণয়ন:**<br>সওজ অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারিদের বদলীর বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের নীতিমালা অনুসরণ করার জন্য সভায় আলোচনা হয় এবং এজেন্ডাটি আগামী সভার কার্যপত্র হতে বাদ দেওয়ার জন্য সভায় গরুত্বারোপ করা হয়। | (১) কর্মকর্তা/কর্মচারিদের বদলী/পদায়নের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় নীতিমালা অনুসরণ করতে হবে।<br>(২) এজেন্ডাটি আগামী সমন্বয় সভার কার্যপত্র হতে বাদ দিতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ/উপসচিব (সওজ সংস্থাপন-১)/উপসচিব (সমন্বয় ও প্রশিক্ষণ) |
| | **ঙ. বৃক্ষরোপন:**<br>প্রধান বৃক্ষপালনবিদ জানান যে, সঠিক সময়ে অর্থাৎ বৃক্ষরোপণ মৌসুমে যথাযথ নিয়মে বৃক্ষরোপণ কাজ সম্পন্ন করা হয়েছে। নিয়মিত পরিচর্যা এবং গ্যাপ ফিলিং করার জন্য সংশ্লিষ্ট নির্বাহী বৃক্ষপালনবিদগণকে নির্দেশনা প্রদান করা হয়েছে। রোপিত বৃক্ষের নিয়মিত পরিচর্যা করার জন্য প্রধান বৃক্ষপালনবিদকে এবং মন্ত্রণালয়ের পরিদর্শন টিমের সদস্যদের পরিদর্শনকালে বৃক্ষরোপনের বিষয়টি গুরুত্বসহকারে দেখার জন্য সভায় পরামর্শ দেওয়া হয়। | (১) রোপিত বৃক্ষের নিয়মিত পরিচর্যা করতে হবে।<br>(২) মন্ত্রণালয়ের পরিদর্শন টিমের সদস্যদের পরিদর্শনকালে বৃক্ষরোপনের বিষয়টি গুরুত্বসহকারে দেখতে হবে। | সকল দপ্তর/সংস্থা প্রধান/ মনিটরিং টিমের সকল সদস্য/প্রধান বৃক্ষপালনবিদ, সওজ |
| | **চ. ল্যান্ডস্কেপিং গাইডলাইন চূড়ান্তকরণ:**<br>NDC ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব এস এম মাহবুব আলম, যুগ্মসচিব সভাকে জানান যে, ল্যান্ডস্কেপিং গাইডলাইনটি পর্যালোচনা করে দেখা হয়েছে। ১/২ জন বিশেষজ্ঞদের নিয়ে বসে গাইডলাইনটি পর্যালোচনা করা হলে আরো যুগোপযোগী হবে। | ল্যান্ডস্কেপিং গাইডলাইনটি আরো যুগোপযোগী করার জন্য ১/২ জন বিশেষজ্ঞদের নিয়ে বসে গাইডলাইনটি পর্যালোচনা করে দেখতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ/ NDC ফোকাল পয়েন্ট কর্মকর্তা/উপসচিব (সওজ সংস্থাপন-২) |
| | **ছ. টোল আদায়:**<br>যে সকল টোল প্লাজায় টোল আদায় সম্ভব হচ্ছেনা বা অপারেটর নেই সেকল টোল প্লাজায়সমূহে বিভাগীয় খাস কালেকশন করার ব্যবস্থা গ্রহণের জন্য সভায় আলোচনা হয় এবং প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তরকে পরামর্শ দেওয়া হয়। | যে সকল টোল প্লাজায় টোল আদায় সম্ভব হচ্ছেনা বা অপারেটর নেই সেসকল টোল প্লাজাসমূহে বিভাগীয় খাস কালেকশন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ/ উপসচিব (টোল ও এক্সেল) |
| | **জ. সওজ অধিদপ্তরের ভূমি নামজারি সংক্রান্ত:**<br>(১) এস্টেট ও আইন কর্মকর্তা, প্রধান কার্যালয়, ঢাকা সভাকে অবহিত করেন যে, নামজারির লক্ষ্যে জেলা পরিষদ থেকে সওজ এর নামে হস্তান্তরিত জায়গার তালিকা ও গেজেটের কপি প্রেরণের জন্য প্রত্যেক সড়ক বিভাগে পত্র দেওয়া হয়েছে। ১৮টি সড়ক বিভাগের তথ্য পাওয়া গিয়েছে, যা ২১ অক্টোবর ২০২৪ তারিখ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে এবং সড়ক বিভাগকে বাকী তথ্যাদি প্রেরণ করার জন্য ২১ অক্টোবর ২০২৪ তারিখ তাগিদ দেওয়া হয়েছে। | (১) জেলা পরিষদ অন্যান্য উৎস থেকে সওজ এর নামে হস্তান্তরিত জায়গার তালিকা ও গেজেটের কপি দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>(২) হস্তান্তরিত ও অধিগ্রহণকৃত ভূমির নামজারির জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | অতিরিক্ত সচিব (এস্টেট)/ প্রধান প্রকৌশলী, সওজ/যুগ্মসচিব (সম্পত্তি)/এস্টেট ও আইন কর্মকর্তা |
| | **ঝ. Smart Case Management System:**<br>এস্টেট ও আইন কর্মকর্তা, প্রধান কার্যালয় জানান যে, জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক Smart Case Management System চালু করা হয়েছে। উক্ত সিস্টেমে এ বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থার মামলার তথ্য আপলোড করার নির্দেশনা রয়েছে। এ বিভাগের ৮০% মামলার তথ্য আপলোড করা হয়েছে। অল্প সময়ের মধ্যে শতভাগ মামলার তথ্য আপলোড করা | Smart Case Management System-এ শতভাগ মামলার তথ্য আপলোড দিতে হবে এবং মামলার হালনাগাদ তথ্যাদি | দপ্তর/সংস্থা প্রধান (সকল)/ উপসচিব (আইন)/এস্টেট ও আইন কর্মকর্তা |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | হবে। উক্ত সিস্টেমের মাধ্যমে মামলার সর্বশেষ অবস্থা ও বিভিন্ন তথ্যাদি তাৎক্ষনিক জানা সম্ভব হবে। মামলার হালনাগাদ তথ্যদি যথাসময়ে সিস্টেমে আপলোড দেওয়ার জন্য সভায় সকল দপ্তর/সংস্থা প্রধানদের অনুরোধ জানানো হয়। | যথাসময়ে সিস্টেমে আপডেট দিতে হবে। | (সকল) |
| | **ঞ. উত্তরায় ঢাকা-ময়মনসিংহ মহাসড়কের পার্শ্বের ২৪ শতাংশ জায়গার রেকর্ড সংশোধন:**<br>এস্টেট ও আইন কর্মকর্তা, প্রধান কার্যালয় সভাকে জানান যে, উত্তরায় ঢাকা-ময়মনসিংহ মহাসড়কের পার্শ্বে ফয়দাবাদ, জে.এল.নং-১৪ (সিটি জরিপ) সিমৌজার ২৪ শতাংশ জায়গার রেকর্ড সংশোধনের জন্য ২৭৬/২২ নং মিস কেইস এর বিষয়ে জেলা প্রশাসক মহোদয়ের সাথে আলাপ হয়েছে। মিস কেইসের উপর এসিল্যান্ড আমাদের বিপক্ষে একটি রায় দিয়েছে। উক্ত রায়ের বিরুদ্ধে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) বরাবর আপীল করার জন্য প্যানেল আইনজীবী নিয়োগ দেওয়া হয়েছে। সইমোহর প্রাপ্তি সাপেক্ষে দ্রুত আপীল করা হবে। আপিলে আশানুরূপ রায় পাওয়া না গেলে সিভিল কোর্টে মামলা দায়েরের পদক্ষেপ নেয়া হবে। | উত্তরায় ঢাকা-ময়মনসিংহ মহাসড়কের পার্শ্বে ফয়দাবাদ, জে.এল.নং-১৪ (সিটি জরিপ) সিমৌজার ২৪ শতাংশ জায়গার রেকর্ড সংশোধনের জন্য এসিল্যান্ডের রায়ের বিরুদ্ধে আপীল করতে হবে এবং প্রয়োজনে সিভিল কোর্টে মামলা দায়েরের পদক্ষেপ নিতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ /এস্টেট ও আইন কর্মকর্তা, প্রধান কার্যালয় |
| | **ট. তেজগাঁও এলাকায় সওজ এর ২ একর জায়গা উদ্ধার**<br>এস্টেট ও আইন কর্মকর্তা, প্রধান কার্যালয় সভাকে অবহিত করেন যে, তেজগাঁও এলাকায় সওজ এর ২ একর জায়গা জনৈক রেজাউল করিমের কাছ থেকে উদ্ধারের বিষয়ে বিজ্ঞ জেলা জজ আদালতে আপীল দায়েরের জন্য বিজ্ঞ প্যানেল আইনজীবী জনাব আশরাফ উদ্দিন এর নিয়োগ বাতিল করে বিজ্ঞ প্যানেল আইনজীবী জনাব এসএম জহুরুল ইসলামকে নিয়োগ দেওয়া হয়েছে। | তেজগাঁও এলাকায় সওজ এর ২ একর জায়গা জনৈক রেজাউল করিমের কাছ থেকে উদ্ধারের বিষয়ে আইনী প্রচেষ্টা অব্যাহতসহ জোরালো পদক্ষেপ গ্রহণ করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর/এস্টেট ও আইন কর্মকর্তা (প্রধান কার্যালয়/ঢাকা জোন) |
| | **ঠ. কল্যাণপুর এলাকায় সওজ অধিদপ্তরের জায়গায় নির্মিত ১৭ তলা ভবন (মিজান টাওয়ার) অপসারণ:**<br>এস্টেট ও আইন কর্মকর্তা, প্রধান কার্যালয় জানান যে, কল্যাণপুর এলাকায় সওজ অধিদপ্তরের জায়গায় নির্মিত ১৭তলা ভবন নিয়ে মোট ১৩ টি মামলা রয়েছে। মামলাগুলো একটি বেঞ্চে এনে শুনানীর জন্য বিজ্ঞ প্যানেল আইনজীবী জনাব এস এম জহুরুল ইসলামকে সাথে নিয়ে বিজ্ঞ অতিরিক্ত এ্যাটর্নি জেনারেল এর সাথে মিটিং হয়েছে। | কল্যাণপুর এলাকায় সওজ অধিদপ্তরের জায়গায় নির্মিত ১৭তলা ভবন অপসারণের উদ্দেশ্যে দায়েরকৃত মামলাগুলো একটি বেঞ্চে এনে শুনানী করার জন্য বিজ্ঞ প্যানেল আইনজীবী ও অতিরিক্ত এ্যাটর্নি জেনারেল এর সাথে যোগাযোগ রাখতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর/এস্টেট ও আইন কর্মকর্তা (প্রধান কার্যালয়/ঢাকা জোন) |
| | **ড. মহাখালীতে ইউনিভার্সাল মেডিকেল কলেজের পাশে ইউরেকা ফিলিং স্টেশন ও কার পার্কিং এর জায়গা উদ্ধার:**<br>এস্টেট ও আইন কর্মকর্তা, প্রধান কার্যালয় সভাকে অবহিত করেন যে, ইউনির্ভাসাল মেডিকেল কলেজের পাশে স্থাপিত ইউরেকা ফিলিং ষ্টেশন ও কার পার্কিং এর জায়গা পুনরুদ্ধারকল্পে আইনী উদ্যোগ নেওয়ার জন্য নির্বাহী প্রকৌশলী, সওজ, সড়ক বিভাগ, ঢাকাকে পত্র দেওয়া হয়েছে এবং সড়ক ও জনপথ অধিদপ্তরের বিজ্ঞ প্যানেল আইনজীবী জনাব এস এম জহুরুল ইসলামকে সাথে নিয়ে বিজ্ঞ অতিরিক্ত এ্যাটর্নি জেনারেল এর সাথে মিটিং করা হয়েছে। | ইউনিভার্সাল মেডিকেল কলেজের পাশে স্থাপিত ইউরেকা ফিলিং স্টেশন ও কার পার্কিং এর জায়গা পুনরুদ্ধারকল্পে আইনি প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে এবং প্যানেল আইনজীবী ও অতিরিক্ত এ্যাটর্নি জেনারেল এর সাথে যোগাযোগ রাখতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ/এস্টেট ও আইন কর্মকর্তা, প্রধান কার্যালয়, সওজ |
| | **ঢ. অবৈধ স্থাপনা অপসারণ:**<br>এস্টেট ও আইন কর্মকর্তা, প্রধান কার্যালয় জানান যে, সওজ অধিদপ্তরের ভূমিতে অবৈধভাবে স্থাপিত স্থাপনা উচ্ছেদ/অপসারণ কার্যক্রম অব্যাহত আছে। তিনি অক্টোবর ২০২৪ মাসে উচ্ছেদকৃত অবৈধস্থাপনার তথ্য উপস্থাপন করেন।<br>অবৈধ স্থাপনা ও অপসারণের তথ্য:<br><br>উদ্ধারকৃত ভূমির পরিমান (শতাংশ): ১৫২৫.১৪ ; উচ্ছেদকৃত অবৈধ স্থাপনা: ১৬১৫ ; দখলকৃত মোট ভূমির পরিমান (শতাংশ): ২৮২৩৯.৮৮ ; বর্তমান অবৈধ স্থাপনার সংখ্যা: ২৮৮২২ | (১) উচ্ছেদ কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ/অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল জোন)/ এস্টেট ও আইন কর্মকর্তা (সকল) |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | অবৈধ বিলবোর্ড স্থাপন ও অপসারণের তথ্য:<br><table><tr><td>অবৈধভাবে স্থাপিত বিলবোর্ড/বিজ্ঞাপন বোর্ড এর সংখ্যা (সেপ্টেম্বর/২৪ মাস পর্যন্ত)</td><td>সেপ্টেম্বর/২৪ মাসে উচ্ছেদকৃত বিলবোর্ড/বিজ্ঞাপন বোর্ড এর সংখ্যা</td><td>হালনাগাদ অবৈধভাবে স্থাপিত বিলবোর্ড/বিজ্ঞাপন বোর্ড এর সংখ্যা</td></tr><tr><td>২৩১২</td><td>১৩১</td><td>২১৮১</td></tr></table><br>২. সিনিয়র সহকারী সচিব (সম্পত্তি) জানান যে, চট্টগ্রাম জোনে এস্টেট ও আইন কর্মকর্তা পদায়নের জন্য সর্বশেষ ২৪ অক্টোবর ২০২৪ তারিখ জনপ্রশাসন মন্ত্রণালয় বরাবর তাগিদ পত্র দেওয়া হয়েছে। | (২) চট্টগ্রাম জোনে এস্টেট ও আইন কর্মকর্তা পদায়নের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করতে হবে। | যুগ্মসচিব (এস্টেট) |
| | **গ. ইলেক্ট্রনিক টোল কালেকশন (ETC) ব্যবহার :**<br>ইটিসি ব্যবহার বিষয়ে সভাপতি জানান যে, গাড়িতে স্থাপিত আরএফআইডি ট্যাগ ইটিসি সিস্টেমে কাজ করেনা। ফলে এন্ট্রির মধ্যমে গাড়িসমূহকে ইটিসি লেন পার হতে হচ্ছে। আরএফআইডি ট্যাগ ও ইটিসি সিস্টেমে কি ধরণের টেকনিক্যাল সমস্যা রয়েছে সেগুলো ভাল করে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য চেয়ারম্যান, বিআরটিএ এবং প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর ও এ বিভাগের সিনিয়র সিস্টেম এনালিস্টকে সভায় পরামর্শ প্রদান করা হয়।<br><br>প্রধান প্রকৌশলী সভাকে অবহিত করেন যে, টোলপ্লাজাসমূহের সকল বুথে ইলেক্ট্রনিক টোল কালেকশন (ETC) চালুর বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে যার অংশ হিসেবে বিভিন্ন মোবাইল ফাইন্যান্সিয়াল অপারেটর যেমন-উপায়, বিকাশ, রকেট এর মাধ্যমে ETC রেজিস্ট্রেশন সম্পন্ন করা হচ্ছে। ইটিসি ব্যবহারে ১০% আর্থিক সুবিধাসহ অন্যান্য সুবিধার বিষয়গুলো উল্লেখ করে দৈনিক পত্রিকায় বিজ্ঞাপন প্রচার অব্যাহত রয়েছে। গত ০৮ নভেম্বর ২০২৪ থেকে ১২ নভেম্বর ২০২৪ তারিখ পর্যন্ত দৈনিক আজকের পত্রিকা ও The Bangladesh Post পত্রিকায় বিজ্ঞাপন প্রকাশ করা হয়েছে। | (১) আরএফআইডি ট্যাগ ইটিসি সিস্টেমে কাজ না করায় টেকনিক্যাল বিষয়গুলো ভাল করে দেখে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(২) ইটিসি ব্যবহারে আর্থিক সুবিধাসহ অন্যান্য সুবিধার বিষয়গুলো উল্লেখ করে দৈনিক পত্রিকায় বিজ্ঞাপন প্রচার অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ/প্রধান প্রকৌশলী, সওজ/উপসচিব (টোল ও এক্সেল)/সিনিয়র সিস্টেম এনালিস্ট (আরটিএইচডি) |
| | **ত. যুগোপযোগী টোল আদায় সিস্টেম চালু:**<br>প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর সভাকে অবহিত করেন যে, ঢাকা-মাওয়া এক্সপ্রেসওয়েতে যুগোপযোগী সিস্টেমে টোল আদায়ের লক্ষ্যে পদ্মা সেতুতে স্থাপিত অপটিক্যাল ফাইবার ব্যবহার এবং সার্ভার স্টেশন স্থাপন বিষয়ে খসড়া MoU সেতু কর্তৃপক্ষ অনুমোদন দিয়েছে। তবে কিছু শব্দ ও বাক্য বাদ দেওয়া হয়েছে। এগুলো পুনরায় অন্তর্ভুক্তির জন্য সেতু কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করা হচ্ছে। | ঢাকা-মাওয়া এক্সপ্রেসওয়েতে যুগোপযোগী সিস্টেমে টোল আদায়ের লক্ষ্যে MoU চূড়ান্ত করার লক্ষ্যে সেতু কর্তৃপক্ষের সাথে যোগাযোগ রাখতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর/ উপসচিব (টোল ও এক্সেল) |
| ৫. | **বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)**<br>**ক. ড্রাইভিং লাইসেন্স প্রদানকালীন পরীক্ষা গ্রহণ:**<br>চেয়ারম্যান, বিআরটিএ সভাকে অবহিত করেন যে, ড্রাইভিং লাইসেন্স প্রদানে প্রার্থীদের সঠিক নিয়মে পরীক্ষাগ্রহণ বিষয়ে জেলা ম্যাজিস্ট্রেটের প্রতিনিধির দায়িত্ব পালনের জন্য ঢাকা জেলা প্রশাসকের কার্যালয়ে ADM এর সাথে আলোচনা হয়েছে। | ড্রাইভিং লাইসেন্স প্রদানে প্রার্থীদের সঠিক নিয়মে পরীক্ষাগ্রহণের বিষয়টি নিশ্চিত করতে জেলা ম্যাজিস্ট্রেটের প্রতিনিধিদের পরামর্শ প্রদান করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ/সংশ্লিষ্ট বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট |
| | **খ. QR কোডযুক্ত ই-ড্রাইভিং লাইসেন্স প্রিন্ট:**<br>চেয়ারম্যান, বিআরটিএ জানান যে, PVC কার্ড সংগ্রহের (প্রকিউরমেন্ট) নিমিত্ত ভেন্ডর প্রতিষ্ঠান নির্বাচনের উদ্দেশ্যে কারিগরি বিনির্দেশ, দাপ্তরিক প্রাক্কলন প্রণয়নসহ টেন্ডার ডকুমেন্টের খসড়া প্রস্তুতের কার্যক্রম চলমান রয়েছে। | দ্রুত কার্যক্রম সম্পন্ন করে PVC কার্ডে QR কোডযুক্ত ই-ড্রাইভিং লাইসেন্স প্রিন্টিং কার্যক্রম শুরু করতে হবে।। | চেয়ারম্যান, বিআরটিএ |
| | **গ. পেন্ডিং ড্রাইভিং লাইসেন্স প্রদান:**<br>চেয়ারম্যান, বিআরটিএ অবহিত করেন যে, পেন্ডিং ড্রাইভিং লাইসেন্স প্রিন্টিং ও গ্রাহকের নিকট দ্রুত পৌঁছে দেওয়ার জন্য প্রচেষ্টা অব্যাহত রয়েছে। | পেন্ডিং ড্রাইভিং লাইসেন্স প্রিন্টিং ও গ্রাহকের নিকট দ্রুত পৌঁছে দেওয়ার ব্যবস্থা করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ |
| | **ঘ. ভেহিকল ইন্সপেকশন সেন্টার (ভিআইসি) স্থাপন ও পরিচালনা:**<br>(১) চেয়ারম্যান, বিআরটিএ জানান যে, বন্ধ থাকা পুরানো ভিআইসি চালুর লক্ষ্যে KOICA এর সাথে যোগাযোগ করা হয়েছে। এ বিষয়ে তারা সহযোগিতা করবেন মর্মে আশ্বস্ত করেছেন। এছাড়া নতুন করে ভিআইসি স্থাপনে World Bank এর সাথে যোগাযোগ করা হচ্ছে। জিওবি অর্থের পরিবর্তে World Bank এর সহযোগিতায় ভিআইসি স্থাপনের পরিকল্পনা করা হচ্ছে। | (১) (ক) পুরানো ভিআইসি চালুর লক্ষ্যে KOICA এর সাথে যোগাযোগ রাখতে হবে।<br>(১) (খ) নতুন করে ভিআইসি স্থাপনের লক্ষ্যে আর্থিক সহযোগিতার জন্য World Bank এর সাথে যোগাযোগ করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | (২) চেয়ারম্যান, বিআরটিএ আরো উল্লেখ করেন যে, বিআরটিএ, ঢাকা মেট্রো-২ সার্কেল, ইকুরিয়া, কেরাণীগঞ্জ, ঢাকা কার্যালয়ের ভেহিকল ইন্সপেকশন সেন্টার (ভিআইসি)সহ অনুমোদিত দশতলা ভিত বিশিষ্ট ভিআইসি ভবন নির্মাণের নিমিত্ত নতুন জায়গা নির্ধারণের জন্য ২৫.০৯.২০২৪ তারিখ প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। বিআরটিএ, চট্টগ্রাম কার্যালয়ের অভ্যন্তরে ০৩-লেন থেকে ০৮-লেন বিশিষ্ট ভিআইসি নির্মাণের নিমিত্ত বিআরটিসি হতে অতিরিক্ত জায়গা বুঝে পেতে চেয়ারম্যান, বিআরটিসি বরাবর পত্র দেওয়া হয়েছে। | (২)(ক) ঢাকা মেট্রো-২ সার্কেল, ইকুরিয়া, কেরাণীগঞ্জ ঢাকা কার্যালয়ে ভিআইসি স্থাপনের জন্য জায়গা পেতে সড়ক ও জনপথ অধিদপ্তরের সাথে যোগাযোগ রাখতে হবে।<br>(২)(খ) জায়গা বুঝে নিতে চেয়ারম্যান, বিআরটিসি'র সাথে আলোচনা করতে হবে। | |
| | **ঙ. বিআরটিএ'র সেবা গ্রহণকালীন সহযোগীতা প্রদান**<br>চেয়ারম্যান, বিআরটিএ জানান যে, বিআরটিএ-তে সেবা নিতে আসা বিশেষ চাহিদা সম্পন্ন ব্যক্তিদের আলাদা সেবা প্রদানের লক্ষ্যে ২৯.০৯.২০২৪ তারিখ সকল বিভাগীয় পরিচালক (ইঞ্জিনিয়ারিং) বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে কার্যক্রম চলমান। | সেবা নিতে আসা বিশেষ চাহিদা সম্পন্ন ব্যক্তিদের আলাদা সেবা প্রদানের বিষয়টি নিশ্চিত করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ |
| | **চ. সড়ক নিরাপত্তা (Road Safety) সংক্রান্ত তথ্য:**<br>(১) চেয়ারম্যান, বিআরটিএ সভাকে অবহিত করেন যে, নিয়মিতভাবে সড়ক দুর্ঘটনার তথ্য সংগ্রহ করা হচ্ছে। দেশের সার্বিক পরিস্থিতি বিবেচনায় বিগত কয়েক মাস প্রেস ব্রিফিং করা সম্ভব হয় নি। অক্টোবর ২০২৪ মাসে সড়ক দূর্ঘটনার তথ্য নিম্নরুপ:<br>দুর্ঘটনার সংখ্যা: ৪০৫; নিহতের সংখ্যা: ৩৭৭; আহতের সংখ্যা: ৪১৫<br>(২) এছাড়া, সড়ক দুর্ঘটনা কমিয়ে আনার জন্য দৈনিক জাতীয় পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচারসহ বিভিন্ন টিভি চ্যানেলে সড়ক নিরাপত্তামূলক তথ্য/স্লোগান ও টিভি ফিলার নিয়মিতভাবে প্রচার করা হচ্ছে। | (১) নিয়মিতভাবে দূর্ঘটনার তথ্য সংগ্রহ অব্যাহত রাখতে হবে এবং সড়ক দূর্ঘটনার তথ্য প্রেস ব্রিফিং করে প্রচার করতে হবে।<br>(২) সড়ক দূর্ঘটনা কমিয়ে আনার জন্য বিভিন্ন গুরুত্বপূর্ন স্পট ও জনসমাগম এলাকায় প্রচার-প্রচারণা এবং পত্র-পত্রিকা ও গণমাধ্যমে সচেতনতামূলক লেখা বিজ্ঞাপন আকারে প্রচার অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ/ যুগ্মসচিব (বিআরটিএ/রোড সেফটি) |
| | (৩) সভায় আরো জানানো হয় যে, মহাসড়কে সকল ধরণের সাইন সিগনাল স্থাপন করার জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করা হয়েছে। দ্রুত কাজ শুরু এবং ৩-৪ মাসের মধ্যে দৃশ্যমান অগ্রগতি আনার জন্য সভাপতি প্রধান প্রকৌশলী, সওজ কে সভায় পরামর্শ দেওয়া হয়।। | (৩) মহাসড়কে সকল ধরণের সাইন সিগনাল স্থাপনের কাজ দ্রুত শুরু করতে হবে ৩-৪ মাসের মধ্যে দৃশ্যমান অগ্রগতি আনতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর |
| | **ছ. মোবাইল কোর্ট পরিচালনা:**<br>সভাকে অবহিত করা হয় যে, বিআরটিএ'র নির্বাহী ম্যাজিস্ট্রেটগণ কর্তৃক অধিভুক্ত এলাকায় ও জাতীয় মহাসড়কে অবৈধ মোটরযান চলাচল বন্ধে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত আছে। অক্টোবর/২৪ মাসে অবৈধ মোটরযান চলাচলের বিরুদ্ধে ৭৭৩টি মামলায় ১২,৮৯,২০০/- টাকা জরিমানা আদায়সহ ০২টি অবৈধ মোটরযানকে ডাম্পিং প্রদান করা হয়। | বিআরটিএ'র নির্বাহী ম্যাজিস্ট্রেটগণ কর্তৃক অধিভুক্ত এলাকায় ও জাতীয় মহাসড়কে অবৈধ মোটরযান চলাচল বন্ধে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ/প্রধান প্রকৌশলী, সওজ উপসচিব (টোল ও এক্সেল) |
| | **জ. স্ক্র্যাপ নীতিমালা:**<br>যুগ্মসচিব (বিআরটিএ) জানান যে, বিভিন্ন সংস্থার মতামতের ভিত্তিতে স্ক্র্যাপ নীতিমালার খসড়া প্রস্তুত করা হয়েছে। এ বিষয়ে একটি আন্ত:মন্ত্রণালয় সভা আহবান করা প্রয়োজন। স্ক্র্যাপ নীতিমালা চূড়ান্ত করার জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। | স্ক্র্যাপ নীতিমালা চূড়ান্ত করার জন্য দ্রুত আন্ত:মন্ত্রণালয় সভা আহবান করতে হবে। | যুগ্মসচিব (বিআরটিএ) |
| | **ঝ. গাড়ীতে আরএফআইডি ট্যাগ স্থাপন:**<br>চেয়ারম্যান, বিআরটিএ অবহিত করেন যে, গাড়িতে আরএফআইডি ট্যাগ সংযোজন কার্যক্রম অব্যাহত আছে। অক্টোবর ২০২৪ মাসে ২৯,৫১০ সেট রেট্রো-রিফ্লেক্টিভ নম্বরপ্লেট ও আরএফআইডি ট্যাগ মোটরযানে সংযোজন করা হয়েছে। আরএফআইডি ট্যাগ কার্যকর কিনা ভাল করে চেক করে দেখার জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। | গাড়িতে আরএফআইডি ট্যাগ সংযোজন কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং আরএফআইডি ট্যাগ কার্যকর কিনা ভাল করে চেক করে দেখতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ/ /যুগ্মসচিব (বিআরটিএ) |
| | **ঞ. মালবাহী গাড়ী ও নির্মাণ কাজে ব্যবহৃত যানবাহনের রেজিস্ট্রেশন সংক্রান্ত:**<br>মালবাহী বড় গাড়ি, ট্যাংক, লরী ও নির্মাণ কাজে ব্যবহৃত বিভিন্ন ধরণের সরকারি/বেসরকারি ভারী যানবাহনের রেজিস্ট্রেশন ও ফিটনেস গ্রহণের জন্য বাধ্য করা এবং বিষয়টি প্রচার প্রচারণার মাধ্যমে সকলকে অবহিত করার জন্য সভায় চেয়ারম্যান, বিআরটিএকে পরামর্শ প্রদান করা হয়। | (১) মালবাহী বড় গাড়ী, ট্যাংক, লড়ী ও নির্মাণ কাজে ব্যবহৃত বিভিন্ন ধরণের | চেয়ারম্যান, বিআরটিএ/ উপসচিব |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | যারা ফিটনেস গ্রহণ করছেনা, তালিকা অনুযায়ী তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। | সরকারি/বেসরকারি ভারি যানবাহনের রেজিস্ট্রেশন ও ফিটনেস গ্রহণে বাধ্য করতে হবে। বিষয়টি প্রচার প্রচারণার মাধ্যমে সকলকে অবহিত করতে হবে।<br>(২) যারা ফিটনেস গ্রহণ করছেনা তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (বিআরটিএ) |
| | **ট. ইলেকক্ট্রিক মোটরযানের উপর সারচার্জ আরোপ:**<br>যুগ্মসচিব (বিআরটিএ) সভাকে অবহিত করেন যে, ইলেক্ট্রিক মোটরযানের ওপর পরিবেশ সারচার্জ আরোপ না করার বিষয়ে বিআরটিএ'র প্রস্তাবের প্রেক্ষিতে NBR বরাবর পত্র দেওয়া হয়েছে। | ইলেক্ট্রিক মোটরযানের ওপর পরিবেশ সারচার্জ আরোপ না করার বিষয়ে NBR এর সাথে যোগাযোগ রাখতে হবে। | অতিরিক্ত সচিব (পরিকল্পনা)/ চেয়ারম্যান, বিআরটিসি/ বিআরটিএ |
| ৬. | **বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন:**<br>**ক. বিআরটিসি'র নিজস্ব সক্ষমতায় গাড়ী প্রস্তুত:**<br>অতিরিক্ত সচিব (প্রশাসন) জানান যে, বিআরটিসি'র নিজস্ব সক্ষমতায় গাড়ী প্রস্তুত বিষয়ে নথি উপস্থাপন করা হয়েছিল। উপদেষ্টা মহোদয় প্রমানকসহ নথি উপস্থাপন করার নির্দেশনা দিয়েছে। বিআরটিসি হতে সংশ্লিষ্ট প্রমাণক পেলেই পুনরায় নথি উপস্থাপন করা হবে। | বিআরটিসি হতে প্রমাণকসমূহ দ্রুত এ বিভাগে প্রেরণ করতে হবে। | চেয়াম্যান, বিআরটিসি/ অতিরিক্ত সচিব (প্রশাসন) |
| | **খ. বিআরটিসি'র পর্যটন বাস চালু:**<br>চেয়ারম্যান, বিআরটিসি অবহিত করেন যে, পর্যটকদের চাহিদা বিবেচনায় কক্সবাজারসহ অন্যান্য পর্যটন এরিয়ায় পর্যটক বাস সার্ভিস চালু রয়েছে। | পর্যটকদের চাহিদা বিবেচনায় পর্যটক বাস সার্ভিস চালুর কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান, বিআরটিসি |
| ৭. | **ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ:**<br>**ক. সওজ অধিদপ্তরের জায়গায় নির্মিত ডিটিসিএ ভবনের ফ্লোরের মালিকানা ডিটিসিএ'র অনুকূলে হস্তান্তর:**<br>সওজ অধিদপ্তরের পক্ষ হতে জানানো হয় যে, ডিটিসিএ ভবনের মালিকানা হস্তান্তর বিষয়ে আইনজীবীর মতামত গ্রহণপূর্বক ডিটিসিএকে অবহিত করা হয়েছে। ডিটিসিএ ও সওজ অধিদপ্তর উভয় মিলে বিষয়টি সমাধান করার জন্য সভায় পরামর্শ দেওয়া হয়। এজেন্ডাটি আগামী সভার কার্যপত্র হতে বাদ দেওয়ার জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। | (১) ডিটিসিএ ভবনের মালিকানা ও ভূমি হস্তান্তর বিষয়টি ডিটিসিএ ও সওজ অধিদপ্তর উভয় মিলে আইনী পরামর্শের মাধ্যমে সমাধান করতে হবে।<br>(২) এজেন্ডাটি আগামী সমন্বয় সভার কার্যপত্র হতে বাদ দিতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর/ নির্বাহী পরিচালক, ডিটিসিএ/উপসচিব (সমন্বয় ও প্রশিক্ষণ) |
| | **খ. Special Purpose Company (SPC) গঠন আইন প্রণয়ন:**<br>যুগ্মসচিব (ডিটিসিএ) সভাকে অবহিত করেন যে, র‍্যাপিড পাস ও ক্লিয়ারিং হাউজ সিস্টেমের কার্যপদ্ধতি ও ভবিষ্যৎ কর্মপরিকল্পনা নির্ধারণের লক্ষ্যে সরেজমিনে পরিদর্শন করে প্রতিবেদন পেশ করার সিদ্ধান্ত গৃহীত হয়। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জনাব মো: আলমগীর কবির, উপসচিব বদলী হওয়ায় পরিদর্শন প্রতিবেদনটি পাওয়া যায়নি। শীঘ্রই নতুন কাউকে দায়িত্ব দেওয়া হবে। | র‍্যাপিড পাস ও ক্লিয়ারিং হাউজ সিস্টেমের কার্যপদ্ধতি ও ভবিষ্যৎ কর্মপরিকল্পনা বিষয়ে সরেজমিন পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিল করতে হবে। | নির্বাহী পরিচালক (ডিটিসিএ)/ যুগ্মসচিব (এমআরটি) |
| | **গ. বাস পরিবহন সেবা ও বিশেষ অধিকার (রুট ফ্রাঞ্চাইজ) বিধিমালা ২০২৪:**<br>যুগ্মসচিব (ডিটিসিএ) সভাকে অবহিত করেন যে, বাস পরিবহন সেবা পরিচালনা ও বিশেষ অধিকার (রুট ফ্রাঞ্চাইজ) বিধিমালা-২০২৪ এর খসড়ার ওপর সর্বশেষ ২৪.০৯.২০২৪ তারিখ অতিরিক্ত সচিব (আরবান ট্রান্সপোর্ট) মহোদয়ের সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হয়েছে। শীঘ্রই আরেকটি সভা অনুষ্ঠিত হবে। | বাস পরিবহন সেবা ও বিশেষ অধিকার (রুট ফ্রাঞ্চাইজ), বিধিমালা ২০২৪ প্রণয়ন ত্বরান্বিত করতে হবে। | অতিরিক্ত সচিব (আরবান ট্রান্সপোর্ট)/ নির্বাহী পরিচালক, ডিটিসিএ/যুগ্মসচিব (ডিটিসিএ) |
| | **ঘ. ডিটিসিএ'র পরিচালনা পর্ষদ পুনর্গঠন:**<br>নির্বাহী পরিচালক, ডিটিসিএ জানান যে, পরিবর্তিত প্রেক্ষাপটে অন্তর্বর্তীকালীন সরকার গঠিত হওয়ার পর ডিটিসিএ পরিচালনা পর্ষদ পুনর্গঠন হয়নি। পরিচালনা পর্ষদ পুনর্গঠনের জন্য গত ১৬.১০.২৪ তারিখে এ বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে। | ডিটিসিএ পরিচালনা পর্ষদ পুনর্গঠনের কার্যক্রম ত্বরান্বিত করতে হবে। | অতিরিক্ত সিচিব (এস্টেট/আরবান ট্রান্সপোর্ট)/নির্বাহী পরিচালক, ডিটিসিএ |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | **ঙ. ভবিষ্য তহবিল প্রবিধানমালা ২০২৪**<br>পরিচালনা পর্ষদ পুনর্গঠনপূর্বক পর্ষদের অনুমোদন সাপেক্ষে ভবিষ্য তহবিল প্রবিধানমালা ২০২৪ এ বিভাগে প্রেরণের জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। | ডিটিসিএ'র কর্মচারিদের জন্য প্রদেয় ভবিষ্য তহবিল প্রবিধানমালা ২০২৪ পরিচালনা পর্ষদ সভায় উপস্থাপন এবং পরিচালনা পর্ষদের অনুমোদন সাপেক্ষে এ বিভাগে প্রেরণ করতে হবে। | অতিরিক্ত সিচিব (এস্টেট/আরবান ট্রান্সপোর্ট)/নির্বাহী পরিচালক, ডিটিসিএ |
| ৮. | **ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)**<br>**ডিএমটিসিএল'র আয়ের হিসাব:**<br>এমআরটি পাস এবং সিঙ্গেল জার্নি টিকেটে বিক্রিত আয় এবং ডিএমটিসিএল এর অপারেশনাল ব্যয়ের হিসাব বিবরণী সিনিয়র সচিব মহোদয়কে অবহিত করার জন্য সভায় গরুত্বারোপ করা হয়। | এমআরটি পাস এবং সিঙ্গেল জার্নি টিকেটের বিক্রিত আয় এবং ডিএমটিসিএল এর অপারেশনাল ব্যয়ের হিসাব বিবরণী সিনিয়র সচিব মহোদয়কে অবগত করতে হবে। | নির্বাহী পরিচালক, ডিটিসিএ/ ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল |
| ৯. | **ঢাকা বিআরটি :**<br>**ক বিআরটি বাস টার্মিনালের জায়গা নির্ধারণ:**<br>ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বিআরটি সভাকে জানান যে, গত ২২.১০.২০২৪ তারিখে সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের উপদেষ্টা মহোদয়ের সভাপতিত্বে একটি আন্ত:মন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ঢাকা বিমানবন্দর স্টেশন এলাকায় সকল সংস্থার ভবিষ্যৎ পরিকল্পনা সমন্বয় করে Comprehensive Technical Design ও Land Use Plan প্রণয়ন এবং ভূমির মালিকানা ও দখল সংক্রান্ত সমস্যা চিহ্নিত করে সুপারিশসহ সমাধানের প্রস্তাব প্রদানের জন্য দুটি কমিটি গঠন করা হয়। অদ্যাবধি কমিটির কোন সভা অনুষ্ঠিত হয়নি। এ বিষয়ে প্রধান প্রকৌশলী, সওজ জানান যে, রেলপথ মন্ত্রণালয়ের সাথে একাধিকবার যোগাযোগ করা হলেও কোনো ফলপ্রসু অগ্রগতি জানা যায়নি। | সভা অনুষ্ঠানের বিষয়ে রেলপথ মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ/ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বিআরটি/এস্টেট ও আইন কর্মকর্তা, প্রধান কার্যালয় |
| | **খ. ঢাকা বিআরটি কোম্পানি লিমিটেড এর অর্গানোগ্রাম চূড়ান্তকরণ:**<br>ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বিআরটি সভাকে অবহিত করেন যে, ঢাকা বিআরটি কোম্পানী লিমিটেড কর্তৃক একটি খসড়া অর্গানোগ্রাম প্রস্তুত করে কোম্পানির ৩২ তম পর্ষদ সভায় উত্থাপন করা হয়। উত্থাপিত খসড়া অর্গানোগ্রামটি এ সংক্রান্ত গঠিত সাব-কমিটি কর্তৃক চূড়ান্তকরণের জন্য পর্ষদ কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়। অর্গানোগ্রাম প্রস্তুত করার জন্য পরামর্শক নিয়োগ প্রক্রিয়া চলমান রয়েছে। | পরামর্শক নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করে দ্রুত অর্গানোগ্রাম চূড়ান্ত করতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বিআরটি |
| | **গ. বিআরটি বাস ক্রয়:**<br>ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বিআরটি জানান যে, গত ০৩.১০.২০২৪ তারিখে অনুষ্ঠিত ঢাকা বিআরটি কোম্পানি লিমিটেড এর ৩৪ তম পরিচালনা পর্ষদ সভায় ১৩৭ টি ডিজেল ফুয়েল স্ট্যান্ডার্ড এসি বাস ক্রয় প্রস্তাবটি অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। বাস ক্রয় প্রক্রিয়াটি যথাযথ হয়েছে কিনা তা যাচাই এর জন্য জনাব মো: ফারুক হোসেন, সচিব (অবসরপ্রাপ্ত), গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এবং সাবেক মহাপরিচালক, সিপিটিইউ (বর্তমান বিপিপিএ)-কে নিযুক্ত করা হয়েছে। প্রতিবেদন পাওয়ার পর পরবর্তী পর্ষদ সভায় উপস্থাপন করা হবে। ক্রয় প্রস্তাবটি পর্ষদ কর্তৃক অনুমোদিত হলে মে ২০২৫ এর মধ্যে প্রথম পর্যায়ে অন্তত ৫০ টি বাস সংগ্রহ করা সম্ভব হবে। | বিআরটি'র জন্য ডিজেল ফুয়েল স্ট্যান্ডার্ড এসি বাস সংগ্রহের লক্ষ্যে কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বিআরটি |
| | **ঘ. অন্তর্বর্তীকালীন বাস অপারেটর হিসেবে বিআরটিসির সাথে MoU স্বাক্ষর:**<br>ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বিআরটি সভাকে জানান যে, অন্তর্বর্তীকালীন বাস অপারেটর হিসেবে BRTC-কে নিয়োগ প্রদানের লক্ষ্যে গত ১৮.১১.২০২৪ তারিখে অতিরিক্ত সচিব (আরবান ট্রান্সপোর্ট অনুবিভাগ) এর সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় BRTC এবং Dhaka BRT কতৃক ৩০.১১.২০২৪ তারিখের মধ্যে চূড়ান্ত খসড়া MoU প্রস্তুত করার সিদ্ধান্ত গৃহীত হয়। ৩০ নভেম্বর ২০২৫ এর পূর্বেই MoU স্বাক্ষর সম্পন্ন করার জন্য সভায় অতিরিক্ত সচিব (আরবন ট্রান্সপোর্ট)-কে পরামর্শ দেওয়া হয়। | ৩০ নভেম্বর ২০২৫ এর পূর্বেই MoU স্বাক্ষর সম্পন্ন করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিসি/ ব্যবস্থাপনা পরিচালক (ঢাকা বিআরটি)/অতিরিক্ত সচিব( আরবান ট্রান্সপোর্ট) |
| | **ঙ. বিআরটি লেনে বাস চলাচল চালুকরণ:**<br>৩০ নভেম্বর ২০২৪ তারিখের মধ্যে বিআরটি লেনে বাস চলাচলের উপযোগী করার জন্য সভাপতি প্রধান প্রকোশলী, সওজ, ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা-বিআরটি এবং প্রকল্প পরিচালককে নির্দেশনা দেন। এছাড়া, লেনে সকল ধরণের রোড মার্কিং এবং ঠিকাদারের নির্মাণ সামগ্রী সরিয়ে নিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের পরামর্শ দেন। আগামী ১ ডিসেম্বর ২০২৪ তারিখে বিআরটি লেনে ট্রায়াল রান হবে এবং ২ ডিসেম্বর ২০২৪ তারিখে সিনিয়র সচিব মহোদয়সহ সংশ্লিষ্ট কর্মকর্তাগণ বিআরটি বাস চলাচল সরেজমিন পরিদর্শন করবেন। আগামী ১৬ ডিসেম্বর ২০২৪ তারিখ থেকে যাত্রীদের জন্য নিয়মিতভাবে বাস চলাচল শুরু হবে মর্মে সভায় বিস্তারিত আলোচনা হয়। | (১) ৩০ নভেম্বর ২০২৪ তারিখের মধ্যে বিআরটি লেন বাস চলাচলের উপযোগী করতে হবে।<br>(২) আগামী ১ ডিসেম্বর ২০২৪ তারিখে বিআরটি লেনে বাস চলাচল ট্রায়াল করতে হবে। | অতিরিক্ত সচিব (আরবান ট্রান্সপোর্ট)/প্রধান প্রকৌশলী, সওজ/ব্যবস্থাপনা পরিচালক (ঢাকা-বিআরটি)/প্রকল্প পরিচালক (ঢাকা |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | | (৩) ২ ডিসেম্বর ২০২৪ তারিখে সিনিয়র সচিব মহোদয়সহ সংশ্লিষ্ট কর্মকর্তাগণের জন্য বাস চলাচল সরেজমিন পরিদর্শনের আয়োজন করতে হবে।<br>(৩) আগামী ১৬ ডিসেম্বর ২০২৪ তারিখ থেকে যাত্রীদের জন্য নিয়মিতভাবে বাস চলাচল শুরু করতে হবে। | বিআরটি) |
| ১০ | **সরকারের বিশেষ উদ্যোগসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:**<br>**ক. Grievence Redress System (GRS):**<br>জিআরএস ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান যে, অক্টোবর ২০২৪ মাসে মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটের মাধ্যমে ৪০টি অভিযোগ/মতামত পাওয়া গেছে। পূর্ববর্তী ০২টিসহ মোট ৪২ অভিযোগ/মতামতের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা বরাবরে প্রেরণ করা হয়েছে। উল্লেখ, বর্ণিত অভিযোগ/মতামতগুলো নিষ্পত্তির সময় এখনও অতিক্রান্ত হয়নি। ডিএমটিসিএল'র নিয়োগ পরীক্ষার প্রবেশপত্র না পাওয়ার বিষয়ে বেশ কিছু অভিযোগ পাওয়া গিয়েছে। আভিযোগের বিষয়গুলো কোম্পানি সচিবকে যথাসময়ে জানিয়ে দেওয়া হয়েছে। এ বিষয়ে ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল সভাকে জানান যে, যাদের আবেদন বাতিল হয়েছে তাদের অনকূলে প্রবেশপত্র ইস্যু করা হয়নি। যারা বৈধ প্রার্থী কিন্তু প্রবেশপত্র পাননি তাদেরকে চাহিদার প্রেক্ষিতে প্রবেশপত্র সরবরাহ করা হয়েছে। বাতিল প্রার্থীদের তালিকা পরীক্ষার পূর্বেই প্রকাশ করা হয়েছে। এ সংক্রান্ত অভিযোগের জবাব অভিযোগকারীকে জানিয়ে দেওয়া হবে। | অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা, ২০১৫ অনুসরণে অভিযোগ নিষ্পত্তি কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে প্রাপ্ত অভিযোগ গুরুত্বের সাথে নিষ্পত্তি করতে হবে। সকল অভিযোগ আমলে নিয়ে এ বিষয়ে সুনির্দিষ্ট জবাব প্রদান করতে হবে। | দপ্তর/সংস্থা প্রধান/ GRS ফোকাল পয়েন্ট কর্মকর্তা/সিনিয়র সিস্টেম এনালিস্ট |
| | **খ. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)**<br>এ বিভাগের অতিরিক্ত সচিব জনাব আছির উদ্দীন সরদার টিম লিডার, উপসচিব জনাব নীলিমা আফরোজ ফোকাল পয়েন্ট কর্মকর্তা এবং জনাব আসফিয়া সুলতানা বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে দায়িত্ব প্রদান করা হয়েছে। | মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী এপিএ বাস্তবায়ন কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | এপিএ টিম লিডার, আরটিএইচডি/ ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| | **গ. Public Service Innovation:**<br>ইনেভেশন আইডিয়া বিষয়ে সভাপতি জানাতে চাইলে জনাব এস এম মাহবুব আলম, যুগ্মসচিব জানান যে, সমুদ্র তীরবর্তী মহাসড়ক (কক্সবাজার মেরিন ড্রাইভ) স্বল্প খরচে ন্যাচারাল বেইজড প্রোটেকশন করার ক্ষেত্রে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের Oceanography ডিপার্টমেন্টের চেয়ারম্যান একটি আইডিয়া শেয়ার করেছেন এবং তিনি একটি প্রতিবেদন প্রেরণ করেছেন। সমুদ্র তীরবর্তী মহাসড়ক নির্মাণে ধারণাটি কাজে লাগতে পারে মর্মে প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তরের দৃষ্টি আকর্ষণ করা হয়। প্রধান প্রকৌশলী জানান যে, মেরিন ড্রাইভ রক্ষাকল্পে একটি নতুন প্রকল্পের ডিপিপি অনুমোদিত হয়েছে। বাংলাদেশ সেনাবহিনী কর্তৃক প্রকল্পটি বাস্তবায়ন করা হবে। বিষয়টি সেনাবাহিনীকে অবহিত করা যেতে পারে।<br><br>এছাড়া, জনাব মুহাম্মদ কামরুল হাসান, যুগ্মসচিব জানান যে, টোল আদায়ে ইজারা পদ্ধতির পরিবর্তে আইটি বেইজ সিস্টেমে বিভাগীয় পদ্ধতিতে টোল আদায় করা যেতে পারে। এছাড়া, বিভাগীয় পদ্ধতিতে স্বচ্ছতা নিশ্চিত করার ক্ষেত্রে উদ্বাবনী ধারণার সৃষ্টি করা যেতে পারে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | (১) কক্সবাজার মেরিন ড্রাইভ রক্ষাকল্পে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উদ্ভাবনী ধারণাটি যাচাই-বাছাই করে দেখতে হবে এবং উক্ত ধারণাটি কার্যকর বিবেচিত হলে প্রকল্প বাস্তবায়নে নিয়োজিত সেনাবাহিনীকে অবহিত করতে হবে।<br>(২) টোল আদায়ে ইজারা পদ্ধতির পরিবর্তে আইটি বেইজড সিস্টেমে বিভাগীয় পদ্ধতিতে টোল আদায়ের ধারণাটি পর্যালোচনা করে দেখতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ/চীফ ইনোভেশন অফিসার/ উপসচিব (টোল ও এক্সেল) এবং ইনোভেশন সংক্রান্ত কর্মকর্তা |
| | **ঘ . টেকসই উন্নয়ন অভিষ্ট (এসডিজি) বাস্তবায়ন:**<br>সিনিয়র সহকারী (পরিকল্পনা ও পরিসংখ্যান) জানান যে, আগামী ২৭ নভেম্বর ২০২৪ তারিখ সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে এসডিজি বিষয়ে Inception সভা আহবান করা হয়েছে। সভায় নির্দেশনা পেলেই সে অনুযায়ী পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে। | সিনিয়র সচিব মহোদয়ের নির্দেশনা অনুযায়ী এসডিজি বাস্তবায়নে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | দপ্তর/সংস্থা প্রধান (সকল)/পরিকল্পনা (উইং)/এসডিজি বিষয়ক কর্মকর্তা |
| | **ঙ. ই-নথি/ডি-নথি বাস্তবায়ন কার্যক্রম:**<br>উপসচিব (সম: ও প্রশি:) জানান যে, প্রশাসনিক কর্মকর্তা/ব্যক্তিগত কর্মকর্তাদের গত ০১.০৮.২০২৪ তারিখে এবং ১৩-১৭ তম গ্রেডের কর্মচারিদের ২৭.১০.২০২৪ তারিখে ডি-নথি বিষয়ক প্রাথমিক ধারণামূলক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। শীঘ্রই ৯ম ও তদুর্ধ্ব গ্রেডের কর্মকর্তাদের জন্য প্রশিক্ষণের আয়োজন করা হবে। | ৯ম তদুর্ধ্ব গ্রেডের কর্মকর্তাদের ডি-নথি বিষয়ক প্রশিক্ষণের আয়োজন করতে হবে। | উপসচিব (সমন্বয় ও প্রশিক্ষণ) সিনিয়র সিস্টেম এনালিস্ট |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | | | |
| ১১. | **বিবিধ**<br>**ক. উপদেষ্টা পরিষদ/মন্ত্রিপরিষদ বৈঠকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:**<br>উপসচিব (সম: ও প্রশি:) জানান যে, উপদেষ্টা পরিষদ/মন্ত্রিসভা বৈঠকে গৃহীত সিদ্ধান্তের মধ্যে ৪টি সিদ্ধান্ত অবাস্তবায়িত রয়েছে। এর মধ্যে ৩টি আন্তর্জাতিক চুক্তি সংক্রান্ত যা কানেক্টিভিটি শাখায় প্রক্রিয়াধীন। অপর ১টি BOOT ভিত্তিতে Construction of 2nd Dhaka-Chittagong National Highway প্রকল্প বেসরকারি অবকাঠামো প্রকল্প হিসেবে তালিকাভুক্তির প্রস্তাব অনুমোদন সংক্রান্ত যা বাতিলের বিষয়ে সারসংক্ষেপ গত ৩১.০১.২০২৪ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। এছাড়া, আন্তর্জাতিক সংক্রান্ত ১টি সিদ্ধান্ত বাতিলের বিষয়ে সারসংক্ষেপ উপদেষ্টা মহোদয়ের অনুমোদন সাপেক্ষে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের কার্যক্রম চলমান। | গুরুত্ব বিবেচনা করে উপদেষ্টা পরিষদ/মন্ত্রিসভা বৈঠকের সিদ্ধান্ত বাস্তবায়নে সংশ্লিষ্ট উইং/শাখা হতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। আন্তর্জাতিক চুক্তি সংক্রান্ত ১টি সিদ্ধান্ত বাতিলের বিষয়ে কানেক্টিভিটি শাখা হতে সারসংক্ষেপ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর/ যুগ্মসচিব (কানেক্টিভিটি) উপসচিব (সমন্বয় ও প্রশিক্ষণ) |
| | **খ. ইন্টার্নশিপ কোর্স চালু:**<br>উপসচিব (সমন্বয় ও প্রশিক্ষণ) সভাকে অবহিত করেন যে, এ বিভাগ ও দপ্তর/সংস্থায় ২০২৪-২৫ অর্থবছরের ইন্টার্নশিপ চালুর কার্যক্রম চলমান। ইতোমধ্যে সওজ অধিদপ্তর, ডিএমটিসিএল, বিআরটিসি, বিআরটিএ ও ডিটিসিএ কর্তৃক ইন্টার্ন নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। এ বিভাগের ইন্টার্ন নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশের কার্যক্রম চলমান। জনাব আসফিয়া সুলতানা, উপসচিব জানান বিজ্ঞপ্তি প্রস্তুত আছে ১-২ দিনের মধ্যেই প্রকাশ করা হবে। | যাচাই বাছাই পূর্বক ইন্টার্ন নিয়োগপূর্বক দ্রুত ইন্টার্নশিপ চালু করতে হবে। | দপ্তর/সংস্থা প্রধান (সকল)/জনাব আসফিয়া সুলতানা, উপসচিব |
| | **গ. দপ্তর/সংস্থার প্রশিক্ষণ আয়োজন:**<br>উপসচিব (সমন্বয় ও প্রশিক্ষণ) জানান, এ বিভাগ ও দপ্তর/সংস্থার ২০২৪-২০২৫ অর্থবছরের প্রশিক্ষণ ক্যালেন্ডার অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। প্রতি মাসে আয়োজিত প্রশিক্ষণের তথ্য প্রেরণের জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। | ২০২৪-২০২৫ অর্থবছরে প্রশিক্ষণ ক্যালেন্ডার অনুযায়ী প্রশিক্ষণ আয়োজন অব্যাহত রাখতে হবে এবং প্রতি মাসের প্রশিক্ষণের তথ্য প্রেরণ করতে হবে। | দপ্তর/সংস্থা প্রধান (সকল)/উপসচিব (সমন্বয় ও প্রশিক্ষণ) |
| | **ঘ. সময়াবদ্ধ সংস্কার পরিকল্পনা বাস্তবায়ন:**<br>সংস্কার পরিকল্পনা বাস্তবায়ন বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মুহাম্মদ কামরুল হাসান, যুগ্মসচিব জানান যে, সকল মন্ত্রণালয়/বিভাগ হতে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরিত প্রতিবেদনের ওপর সচিব, সমন্বয় ও সংস্কার এর সভাপতিত্বে ০৬ নভেম্বর ২০২৪ তারিখে পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় বেশ কিছু পর্যবেক্ষন দেওয়া হয়েছে। অনেক মন্ত্রণালয়/বিভাগ তাদের রুটিন/গতানুগতিক কাজকে গুরুত্ব দিয়েছে। তাছাড়া, জনসেবায় কি ধরণের মানোন্নয়ন হবে তা স্পষ্ট করা হয়নি এবং কাংখিত ফলাফল উল্লেখ করা হয়নি। মন্ত্রিপরিষদ বিভাগ হতে শীঘ্রই পর্যবেক্ষণের বিষয়গুলো সকল মন্ত্রণালয়/বিভাগকে জানিয়ে দেওয়া হবে মর্মে জানানো হয়। এ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সাথে যোগাযোগ করার জন্য সভাপতি সংশ্লিষ্ট কর্মকর্তাকে পরামর্শ প্রদান করেন। | মন্ত্রিপরিষদ বিভাগের পর্যবেক্ষণ অনুযায়ী এ বিভাগের সংস্কার পরিকল্পনা সংশোধন করতে হবে। | অতিরিক্ত সচিব (সকল)/চেয়ারম্যান (বিআরটিসি/ বিআরটিএ)/নির্বাহী পরিচালক, ডিটিসিএ/ব্যবস্থাপনা পরিচালক (ডিএমটিসিএল/ঢাকা বিআরটি)/ মুহাম্মদ কামরুল হাসান, যুগ্মসচিব |

০৩। আলোচ্যসূচিতে আর কোন বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে ও গৃহীত সিদ্ধান্তসমূহ যথা দ্রুত সম্ভব বাস্তবায়নের অনুরোধ করে সভা সমাপ্ত করেন।

স্বাক্ষরিত/-
০৪.১২.২০২৪
মোঃ এহছানুল হক
সিনিয়র সচিব

কার্যবিবরণীতে উল্লিখিত স্ব-স্ব বিষয়ের উপর পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ০৮ ডিসেম্বর ২০২৪ তারিখের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

নং-৩৫.০০.০০০০.০২৬.০৬.০০১.২৩-৬২৫

তারিখঃ ২০ অগ্রহায়ণ ১৪৩১
০৫ ডিসেম্বর ২০২৪

**বিতরণঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**

১. চেয়ারম্যান (গ্রেড-১), বিআরটিসি, ২১ রাজউক এভিনিউ, মতিঝিল, ঢাকা
২. চেয়ারম্যান (গ্রেড-১), বিআরটিএ, বিআরটিএ ভবন, চেয়ারম্যানবাড়ী, নতুন বিমানবন্দর সড়ক বনানী, ঢাকা
৩. অতিরিক্ত সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৪. নির্বাহী পরিচালক, ডিটিসিএ, লাভ রোড, তেজগাঁও, ঢাকা-১২০৮
৫. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
৬. ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা
৭. ব্যবস্থাপনা পরিচালক, বাস র‍্যাপিড ট্রানজিট কোম্পানি লিমিটেড, উত্তরা, ঢাকা
৮. প্রধান নির্বাহী কর্মকর্তা, সড়ক রক্ষণাবেক্ষণ তহবিল বোর্ড, নিউ বেইলী রোড, ঢাকা
৯. যুগ্মসচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১০. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং, সওজ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
১১. উপসচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১২. সম্পত্তি ও আইন কর্মকর্তা, সওজ অধিদপ্তর, প্রধান কার্যালয়/ঢাকা/খুলনা/চট্টগ্রাম জোন
১৩. পরিচালক (নিরীক্ষা ও হিসাব), সওজ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
১৪. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা
১৫. প্রধান বৃক্ষপালনবিদ, সওজ, পাইকপাড়া, মিরপুর, ঢাকা
১৬. সিনিয়র সহকারী সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১৭. সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (কার্যবিবরণী ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
১৮. সহকারী সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১৯. হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

০৫.১২.২৪

সুলতানা রাজিয়া
উপসচিব
☎২২৩৩৮০৯৬৬
E-mail: dstraco@rthd.gov.bd